

যুগান্তর

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়

কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদে ভর্তি পরীক্ষার ফল প্রকাশ

প্রকাশ : ০৩ নভেম্বর ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংস্করণ



নেত্রকোনা প্রতিনিধি

শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক অনুষদের ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণির ভর্তি পরীক্ষার ফল শনিবার প্রকাশ হয়েছে। বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক ড. রফিকউল্লাহ খান আনুষ্ঠানিকভাবে ফল প্রকাশ করেন। বিশ্ববিদ্যালয় সূত্রে জানা গেছে, এ বছর কলা অনুষদে পাসের হার ১২.১৫% এবং সামাজিক বিজ্ঞান অনুষদে পাসের হার ১২.০২%। কলা অনুষদে ৬০ আসনের বিপরীতে আবেদন জমা হয়েছিল ২১৯৭টি, যার মধ্যে উত্তীর্ণ হয় ২৬৭ জন। সামাজিক বিজ্ঞান অনুষদে ৩০ আসনের বিপরীতে আবেদন জমা হয়েছিল ৭০৭টি, যার মধ্যে উত্তীর্ণ হয় ৮৫ জন। উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্য হতে মেধাক্রম অনুযায়ী ভর্তি কার্যক্রম সম্পন্ন হবে। ১৩ ও ১৪ অক্টোবর শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের কলা ও সামাজিক বিজ্ঞান অনুষদের ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। পরীক্ষার ফলাফল ও বিস্তারিত নির্দেশনা রোববার রাত ১২.০১ হতে শেখ হাসিনা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.shubd.net থেকে জানা যাবে। ১১ নভেম্বর সকাল ১০টা হতে কলা অনুষদের মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের সাক্ষাৎকার ও ১২ নভেম্বর সকাল ১০টা হতে সামাজিক বিজ্ঞান অনুষদের মেধা তালিকায় স্থান পাওয়া শিক্ষার্থীদের সাক্ষাৎকার গ্রহণ করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২।
ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯ | এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।